# বাংলাদেশ গণিত সমিতি
# Bangladesh Mathematical Society
ত্রৈমাসিক বুলেটিন : মার্চ, ২০২৬

সংখ্যা : ২০২৬ (১) ওয়েবসাইট : www.bdmathsociety.org জানুয়ারী-মার্চ ২০২৬


## বার্ষিক সাধারণ সভা ২০২৫




২০২৫ সালের বাংলাদেশ গণিত সমিতির বার্ষিক সাধারণ সভা সমিতির সভাপতি অধ্যাপক ড. মোঃ শহীদুল ইসলামের সভাপতিত্বে ২ জানুয়ারি ২০২৬ তারিখ বিকাল ৩:০০ টায় এ এফ মুজিবুর রহমান গণিত ভবনের রেজাউর রহমান অডিটোরিয়ামে শতাধিক সদস্যের উপস্থিতিতে অনুষ্ঠিত হয়। সম্পাদকের প্রতিবেদন উপস্থাপন করেন সম্পাদক অধ্যাপক ড. মোহাম্মদ বাবুল হাসান এবং সমিতির আয়-ব্যয়ের হিসাব উপস্থাপন করেন সমিতির কোষাধ্যক্ষ অধ্যাপক ড. অমূল্য চন্দ্র মন্ডল।

## কার্যকরী সংসদ নির্বাচন ২০২৬-২৭

গত ২ জানুয়ারি ২০২৬ তারিখ বিকাল ৫:০০ টায় এ এফ মুজিবুর রহমান গণিত ভবনের রেজাউর রহমান অডিটোরিয়ামে শতাধিক সদস্যের উপস্থিতিতে বাংলাদেশ গণিত সমিতির কার্যকরী সংসদ নির্বাচন ২০২৬-২০২৭ সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরিবেশে অনুষ্ঠিত হয়েছে। দেশের বিভিন্ন প্রান্ত থেকে আগত সমিতির সদস্যদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে নির্বাচন সম্পন্ন হয়। ভোটগ্রহণ শেষে গণনা কার্যক্রম সম্পন্ন করে নির্বাচনের ফলাফল ঘোষণা করেন সহকারী নির্বাচন কমিশনার অধ্যাপক ড. মোহাম্মদ ফেরদৌস। তিনি নবনির্বাচিত কার্যকরী সংসদের সদস্যদের অভিনন্দন জানিয়ে বলেন, গণিত শিক্ষা, গবেষণা এবং গণিতচর্চার প্রসারে নতুন নেতৃত্ব গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

## বাংলাদেশ গণিত সমিতির নবনির্বাচিত সংসদ



ড. মোঃ শফিকুল ইসলাম



ড. মোহাম্মদ হুমায়ুন কবীর

বাংলাদেশ গণিত সমিতির ২০২৬-২০২৭ মেয়াদের জন্য নতুন কার্যকরী সংসদ গঠিত হয়েছে। এতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফলিত গণিত বিভাগের অধ্যাপক ড. মোঃ শফিকুল ইসলাম সভাপতি এবং জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ হুমায়ুন কবীর সাধারণ সম্পাদক বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়েছেন।

কমিটির অন্যান্য পদে নির্বাচিত হয়েছেন- সহ-সভাপতি: অধ্যাপক ড. মাহতাব উদ্দিন আহাম্মদ, মোঃ গোলাম মোস্তফা ও অধ্যাপক ড. মোঃ রেজাউল করিম; কোষাধ্যক্ষ: অধ্যাপক ড. মোঃ আব্দুল আলীম; যুগ্ম সম্পাদক: মোহাম্মদ বিল্লাল হোসাইন এবং সহকারী সম্পাদক: ড. সহিদুল ইসলাম।

এছাড়া সদস্য হিসেবে নির্বাচিত হয়েছেন- অধ্যাপক ড. মোঃ মনিরুল আলম সরকার, অধ্যাপক ড. শেখ আনোয়ার হোসেন, অধ্যাপক ড. মোঃ আজিজুর রহমান, অধ্যাপক ড. মোস্তাক আহমেদ, কাজী মো খায়রুল বাশার, ড. আবু হানিফ সরকার, এস এম শরিফুল হক, মোঃ মহিদুল হাসান, অধ্যাপক ড. মোঃ কামরুজ্জামান, অধ্যাপক ড. অমূল্য চন্দ্র মন্ডল (অবঃ) এবং অধ্যাপক ড. উজ্জ্বল কুমার দেব।

নবনির্বাচিত কমিটি দেশের গণিত শিক্ষা ও গবেষণার উন্নয়ন, তরুণ গবেষকদের উৎসাহ প্রদান এবং সমিতির কার্যক্রমকে আরও গতিশীল করার অঙ্গীকার ব্যক্ত করে। সমিতির সাধারণ সভায় সদস্যবৃন্দ নতুন কমিটিকে অভিনন্দন জানিয়ে তাঁদের সাফল্য কামনা করেন এবং আশা প্রকাশ করেন যে, নতুন কার্যকরী সংসদের নেতৃত্বে বাংলাদেশ গণিত সমিতি আগামী দিনে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে গণিতচর্চার ক্ষেত্রে আরও গুরুত্বপূর্ণ অবদান রাখতে সক্ষম হবে।

## ওয়েবসাইট আধুনিকায়ন কমিটি

বাংলাদেশ গণিত সমিতি তাদের অফিসিয়াল ওয়েবসাইট www.bdmathsociety.org আধুনিকায়নের লক্ষ্যে একটি বিশেষ কমিটি গঠন করেছে। সমিতির ২০২৬–২০২৭ কার্যকরী সংসদের ২৩ জানুয়ারি ২০২৬ তারিখের সভায় এই সিদ্ধান্ত গৃহীত হয়।

নবগঠিত কমিটির আহ্বায়ক হিসেবে দায়িত্ব পেয়েছেন অধ্যাপক ড. মোহাম্মদ হুমায়ূন কবীর, গণিত বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়। সদস্য হিসেবে মনোনীত হয়েছেন অধ্যাপক ড. জাভীদ ইকবাল বাঙালী (ফলিত গণিত বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়), অধ্যাপক ড. মোস্তাক আহমেদ (গণিত বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়), অধ্যাপক ড. মোঃ আবু হানিফ সরকার (গণিত বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়) এবং ড. মোঃ সহিদুল ইসলাম (গাণিতিক ও ভৌতবিজ্ঞান বিভাগ, ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি)।

সমিতির সম্পাদক অধ্যাপক ড. মোহাম্মদ হুমায়ূন কবীর প্রেরিত চিঠিতে জানানো হয় যে, নতুন কমিটি ওয়েবসাইটটির আধুনিকায়ন, তথ্য কাঠামো উন্নয়ন এবং প্রয়োজন হলে সম্পূর্ণ নতুনভাবে ওয়েবসাইট তৈরির কাজ করবে। এ উদ্যোগের মাধ্যমে সমিতির ডিজিটাল উপস্থিতি আরও শক্তিশালী ও কার্যকর হবে বলে আশা করা হচ্ছে।

কমিটির সদস্যদের সার্বিক সহযোগিতা কামনা করে বাংলাদেশ গণিত সমিতি ভবিষ্যতে একটি আধুনিক, ব্যবহারবান্ধব এবং তথ্যসমৃদ্ধ ওয়েবসাইট গড়ে তোলার প্রত্যয় ব্যক্ত করে।

## গণিত: জার্নাল অব বাংলাদেশ ম্যাথমেটিক্যাল সোসাইটি-এর সম্পাদনা পরিষদ

বাংলাদেশ গণিত সমিতি কর্তৃক প্রকাশিত গবেষণা সাময়িকী 'গণিত: জার্নাল অব বাংলাদেশ ম্যাথমেটিক্যাল সোসাইটি'-এর ২০২৬-২০২৭ মেয়াদের প্রধান সম্পাদক (Editor-in-Chief) হিসেবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগের অধ্যাপক ড. মো. কামরুজ্জামান-কে নিয়োগ দেওয়া হয়েছে। কমপক্ষে ৬০% বিদেশী এবং সর্বোচ্চ ৪০% দেশের গণিতবিদগণের নিয়ে ২৭ সদস্যের একটি সম্পাদনা পরিষদ গঠন করা হয়।

সমিতি আশা প্রকাশ করছে যে, অধ্যাপক ড. মো. কামরুজ্জামানের নেতৃত্বে জার্নালটি আন্তর্জাতিক গণিত অঙ্গনে আরও উচ্চমানসম্পন্ন গবেষণা প্রকাশ, বৈশ্বিক পরিচিতি বৃদ্ধি এবং দেশ-বিদেশের গবেষকদের কাছে একটি সমৃদ্ধশালী গবেষণা সাময়িকী হিসেবে প্রতিষ্ঠিত হবে।

## সেমিনার/ কর্মশালা কমিটি (২০২৬-২০২৭)

দেশের গণিত শিক্ষা ও গবেষণা কার্যক্রমকে গতিশীল করতে ২০২৬-২০২৭ মেয়াদের জন্য 'সেমিনার/ কর্মশালা কমিটি' গঠন করেছে বাংলাদেশ গণিত সমিতি। সমিতির সম্পাদক অধ্যাপক ড. মোহাম্মদ হুমায়ূন কবীর স্বাক্ষরিত এক পত্রে এই তথ্য জানানো হয়।

কমিটিতে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. মাহতাব উদ্দিন আহাম্মদ-কে আহ্বায়ক এবং চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (চুয়েট)-এর অধ্যাপক ড. উজ্জল কুমার দেব-কে সদস্য সচিব মনোনীত করা হয়েছে। কমিটির অন্য সদস্যরা হলেন— অধ্যাপক ড. মোস্তাক আহমেদ (জবি), অধ্যাপক ড. শেখ আনোয়ার হোসেন (ইউএপি) এবং ড. মোঃ রাজিব আরেফীন (ঢাবি)।

এই কমিটি গণিতের আধুনিক গবেষণা নিয়ে সেমিনার, সিম্পোজিয়াম ও কর্মশালা আয়োজন, মেমোরিয়াল লেকচার আয়োজন এবং গবেষণা সম্প্রসারণে সরকারি-বেসরকারি পৃষ্ঠপোষকতা নিশ্চিত করতে কাজ করবে। নবগঠিত এই কমিটি জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে গণিতচর্চায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে আশা প্রকাশ করেছে সমিতি।

## জাতীয় স্নাতক গণিত অলিম্পিয়াড কমিটি

জাতীয় স্নাতক গণিত অলিম্পিয়াডের কার্যক্রম পরিচালনা ও আন্তর্জাতিক গণিত অলিম্পিয়াডে অংশগ্রহণ নিশ্চিত করতে ২০২৬-২০২৭ মেয়াদের জন্য নতুন কমিটি গঠন করেছে বাংলাদেশ গণিত সমিতি।

কমিটিতে শাবিপ্রবির অধ্যাপক ড. মোঃ আশরাফ উদ্দিন-কে আহ্বায়ক, বুয়েটের অধ্যাপক ড. মোঃ আব্দুল আলীম-কে কোষাধ্যক্ষ এবং ঢাবির অধ্যাপক ড. মোঃ জাভীদ ইকবাল বাঙালী-কে সদস্য সচিব মনোনীত করা হয়েছে। কমিটির অন্য সদস্যরা হলেন— অধ্যাপক ড. মোঃ মনিরুল আলম সরকার, অধ্যাপক ড. মোঃ আবু হানিফ সরকার, অধ্যাপক ড. মোঃ শফিকুল ইসলাম এবং অধ্যাপক ড. মোহাম্মদ হুমায়ূন কবীর।

এ কমিটি দেশের ৯টি আঞ্চলিক অলিম্পিয়াড এবং ঢাকায় জাতীয় ফাইনাল রাউন্ডের আয়োজন ও ভেন্যু নির্ধারণ এবং International Mathematics Competition (IMC)-তে অংশগ্রহণে আর্থিক সহায়তাসহ অলিম্পিয়াডের সার্বিক মানোন্নয়নে কার্যকর পদক্ষেপ গ্রহণ করে।

সমিতি আশা করে যে, এই কমিটির নেতৃত্বে দেশের মেধাবী শিক্ষার্থীরা জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে নিজেদের দক্ষতা প্রদর্শনের আরও বড় সুযোগ পাবে।

## সদস্যপদ প্রার্থীর আবেদন যাচাই-বাছাই কমিটি

বাংলাদেশ গণিত সমিতির সদস্যপদ প্রার্থীর আবেদন যাচাই-বাছাই কমিটি গঠন করা হয়েছে।

নবগঠিত এই কমিটিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগের অবসরপ্রাপ্ত অধ্যাপক প্রফেসর ড. অমূল্য চন্দ্র মন্ডল-কে আহবায়ক করা হয়েছে। কমিটির অন্য সদস্যরা হলেন— ড. মোঃ মামুন-উর-রশিদ খান (ঢাকা বিশ্ববিদ্যালয়), এস. এম. শরিফুল হক (সাহারা প্রিন্টিং অ্যান্ড প্যাকেজিং), ড. মোঃ সহিদুল ইসলাম (ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি) এবং মোঃ মহিদুল হাসান (ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়)।

এ কমিটি আবেদনকারীদের শিক্ষাগত ও পেশাগত যোগ্যতা যাচাই করে কার্যকরী সংসদে সুপারিশ করা সহ সমিতির সদস্যসেবার মানোন্নয়নে কাজ করবে। সমিতির পক্ষ থেকে আশা প্রকাশ করা হয় যে, এই কমিটি সদস্যপদ ব্যবস্থাপনাকে আরও সুসংগঠিত, স্বচ্ছ ও কার্যকর করে তুলতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

## সদস্যদের উল্লেখযোগ্য অর্জন

বাংলাদেশ গণিত সমিতির আজীবন সদস্য অধ্যাপক ড. মোঃ শওকাত আলী (১৫৫), অধ্যাপক ড. মোঃ শহীদুল ইসলাম (১০৪) এবং অধ্যাপক ড. পেয়ার আহমেদ (৮৪৯), যথাক্রমে বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর, পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এবং চাঁদপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এর উপাচার্য হিসাবে নিয়োগ পাওয়ায় সমিতির পক্ষ থেকে অভিনন্দন ও শুভকামনা জানানো হয়। সমিতির আজীবন সদস্য অধ্যাপক ড. মোঃ সাজেদুল করিম (৭৮১), শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এর উপ-উপাচার্য হিসাবে নিয়োগ পাওয়ায় সমিতির পক্ষ থেকে অভিনন্দন ও শুভকামনা জানানো হয়। সমিতির আজীবন সদস্য অধ্যাপক ড. মোঃ আব্দুর রব (৫২২) এবং অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ (৫২০), যথাক্রমে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় এবং নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এর কোষাধ্যক্ষ হিসাবে নিয়োগ পাওয়ায় সমিতির পক্ষ থেকে অভিনন্দন ও শুভকামনা জানানো হয়। বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (BUET) বিজ্ঞান অনুষদের ডিন হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন বিশিষ্ট গণিতবিদ অধ্যাপক ড. মোঃ আব্দুল হাকিম খান (১৩১)।

## বাংলাদেশ গণিত সমিতির উদ্বেগ

দেশের বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে গণিত বিষয়ে ডিগ্রিধারী নন এমন শিক্ষকদের মাধ্যমে গণিত পাঠদান করানোর বিষয়ে গভীর উদ্বেগ প্রকাশ করেছে বাংলাদেশ গণিত সমিতি। এই সমস্যা সমাধানে দ্রুত ও কার্যকর ব্যবস্থা গ্রহণের উদ্যোগ নিয়েছে সংগঠনটি। সম্প্রতি সমিতির এক সভায় উপরোক্ত সমস্যা সমাধানে বাংলাদেশ গণিত সমিতির পক্ষ থেকে সংশ্লিষ্ট তিনটি নিম্নলিখিত গুরুত্বপূর্ণ রাষ্ট্রীয় কর্তৃপক্ষের কাছে আনুষ্ঠানিক স্মারকলিপি প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়েছেঃ

(ক) চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি); (খ) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়; (গ) মহাপরিচালক/ পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (মাউশি)।

সমিতির নেতৃবৃন্দ মনে করেন, গণিতের সঠিক বুনিয়াদী ও গুণগত শিক্ষা নিশ্চিত করতে সংশ্লিষ্ট বিষয়ে ডিগ্রিধারী যোগ্য শিক্ষক অপরিহার্য। গণিতে ডিগ্রীধারী এবং প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষক ব্যতিত পাঠদান করানো শিক্ষার্থীদের শিখন প্রক্রিয়া ও মেধা বিকাশে বাধাগ্রস্ত হচ্ছে। এই সমস্যা সমাধানে কেবল স্মারকলিপি প্রদানই নয়, বরং শিক্ষা খাতে এর সুদূরপ্রসারী প্রভাব ও পরবর্তী কার্যকর ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে পুরো বিষয়টি বাংলাদেশ গণিত সমিতি ভবিষ্যতে আরও গভীরভাবে পর্যবেক্ষণ করবে বলেও সিদ্ধান্ত হয়।

## আজীবন সদস্যপদ প্রাপ্তি

বাংলাদেশ গণিত সমিতির আজীবন সদস্যপদ গ্রহণ করায় আন্তরিক অভিনন্দন ও স্বাগতমঃ

Md. Shamim Hasan (1706), Md. Asif Ishtiaq (1707), Md. Moynul Islam (1708), Md. Asaduzzaman (1709), Anika Rahman Shapnil (1710), Ahnaf Ahmed Rafid (1711), Juty Singha (1712), Md. Sumon Ali (1713), Mohsina Rahman (1714), Tahnia Nuzaifa (1715), Choyon Krishna Deb (1716), Md. Rasel Mia (1717), Tanveer Ahmed Khan Fahim (1718), Md. Masud Parveg Nayon (1719), Sadia Akter (1720), Razia Sultana Ripa (1721), Mymuna Akther (1722), Prity Roy (1723), Anupam Malakar (1724), Md. Farhaduzzaman (1725), Afsana Begum (1726), Subrata Bhanja (1727), Trishna Datta (1728), Mahmud Hasan (1729), Nafia Mollik (1730).

## আজীবন সদস্য সংগ্রহ কার্যক্রম

বাংলাদেশ গণিত সমিতি দেশের গণিত শিক্ষা, গবেষণা ও গণিতচর্চার উন্নয়ন এবং গণিতবিদদের মধ্যে পেশাগত ও একাডেমিক সহযোগিতা জোরদারের লক্ষ্যে প্রতিষ্ঠালগ্ন থেকে নিরলসভাবে কাজ করে আসছে। সমিতির কার্যক্রমকে আরও শক্তিশালী, গতিশীল ও সর্বব্যাপী করার লক্ষ্যে আজীবন সদস্য (খরভব গবসনবৎ) সংগ্রহ কার্যক্রম চলমান রয়েছে। সমিতি বর্তমানে সদস্যপদ গ্রহণের আবেদন আহ্বান করছে।

দেশের সকল বিশ্ববিদ্যালয়, কলেজ ও গবেষণা প্রতিষ্ঠানে কর্মরত গণিতবিদ, শিক্ষক, গবেষক এবং সমিতির গঠনতন্ত্র অনুযায়ী সদস্যপদের যোগ্য ব্যক্তিদের বাংলাদেশ গণিত সমিতির আজীবন সদস্যপদ গ্রহণের জন্য আন্তরিকভাবে আহ্বান জানানো হচ্ছে। আগ্রহী প্রার্থীগণ নির্ধারিত আবেদন-পত্র পূরণ করে প্রয়োজনীয় কাগজপত্রসহ নির্ধারিত সদস্য ফি জমা দিয়ে আবেদন করতে পারবেন।

Membership Application Link:
https://bdmathsociety.org/register/

বাংলাদেশে গণিত শিক্ষা, গবেষণা ও গণিতচর্চার অগ্রযাত্রাকে আরও বেগবান করতে আপনাদের সক্রিয় অংশগ্রহণ ও সহযোগিতা একান্তভাবে কাম্য।

বাংলাদেশ গণিত সমিতি কর্তৃক প্রকাশিত এবং মুদ্রিত। **বুলেটিন সম্পাদনা পরিষদঃ** আহ্বায়ক– অধ্যাপক ড. মোস্তাক আহমেদ (01724-089766), সদস্যবৃন্দ– অধ্যাপক ড. মোঃ শফিকুল ইসলাম, অধ্যাপক ড. মোহাম্মদ হুমায়ূন কবীর, অধ্যাপক ড. মোঃ আবু হানিফ সরকার, এবং সদস্য সচিব– ড. মোঃ সহিদুল ইসলাম (01924-012580)